

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ১৭৫

-এ

তারিখ: ১৩ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: প্রতি মাসের প্রথম কার্যদিবসে পূর্ণাঙ্গ কার্যতালিকা (কজলিস্ট) অনলাইনে প্রকাশের জন্য এবং প্রতি মাসের প্রথম কার্যদিবসসহ অন্যান্য কার্যদিবসে প্রতিটি ক্রিমিনাল মোশন ও রীট মোশন বেঞ্চ সর্বোচ্চ ৫০০ (পাঁচশত)টি মোশন এবং তৎসঙ্গে আবশ্যিকভাবে অন্যান্য শুনানি ৪০-৫০টি এবং প্রতিটি ক্রিমিনাল ও রীট শুনানি বেঞ্চ সর্বোচ্চ ৫০০ (পাঁচশত)টি মামলা দৈনিক কার্যতালিকা (কজলিস্ট) এবং অন্যান্য বেঞ্চসমূহের জন্য সর্বোচ্চ ০২ (দুই) পাতা শুনানীর কার্যতালিকা (কজলিস্ট) প্রকাশ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন ও শুনানি এবং রীট মোশন ও শুনানি বেঞ্চসমূহে বিভিন্ন প্রকৃতির অধিক সংখ্যক মামলা শুনানি ও নিষ্পত্তি করার লক্ষ্যে প্রতি মাসের প্রথম কার্যদিবসে পূর্ণাঙ্গ কার্যতালিকা (কজলিস্ট) অনলাইনে প্রকাশের জন্য এবং প্রতি মাসের প্রথম কার্যদিবসসহ অন্যান্য কার্যদিবসে প্রতিটি ক্রিমিনাল মোশন ও রীট মোশন বেঞ্চ সর্বোচ্চ ৫০০ (পাঁচশত)টি মোশন এবং তৎসঙ্গে আবশ্যিকভাবে অন্যান্য শুনানি ৪০-৫০টি এবং প্রতিটি ক্রিমিনাল ও রীট শুনানি বেঞ্চ সর্বোচ্চ ৫০০ (পাঁচশত)টি মামলা দৈনিক কার্যতালিকা (কজলিস্ট) প্রকাশের জন্য সংশ্লিষ্ট বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসারগণকে নির্দেশ প্রদান করা হলো।

২। উল্লেখ্য যে, অন্যান্য বেঞ্চসমূহে পূর্বের ন্যায় সর্বোচ্চ ০২ (দুই) পাতা শুনানীর কার্যতালিকা (কজলিস্ট) প্রকাশের জন্য সংশ্লিষ্ট বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসারগণকে নির্দেশ প্রদান করা হলো।

৩। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে এই বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

৪। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের কার্যতালিকা (কজলিস্ট) প্রতিদিন সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে (www.supremecourt.gov.bd) পাওয়া যাবে।

স্বাক্ষরিত

(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫।

ই-মেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং- ৩১১৬ (১-১৭)/(৩৫)


-এ

তারিখ: ১৩ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ

সদর অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার), হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. সলিসিটর, সলিসিটর এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
৪. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা (সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের বিজ্ঞ আইনজীবীদের অবগত করানোর অনুরোধসহ)।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭. স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।

৯. ডেপুটি রেজিস্ট্রার (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ✓ ১১. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. সহকারী রেজিস্ট্রার (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. বেঞ্চ অফিসার/সহকারী বেঞ্চ অফিসার(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বিজ্ঞপ্তি অনুসারে অনলাইনে কার্যতালিকা আপলোড করার নির্দেশনাসহ)।
- ✓ ১৫. ব্যক্তিগত কর্মকর্তা-টু মাননীয় বিচারপতি মহোদয়, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধসহ)।
১৬. সুপারিনটেনডেন্ট(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৭. অফিস কপি।


26/04/2026

(মোঃ আল-ইমরান খান)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)